

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৭.১

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২২ অক্টোবর, ২০২৪ আজকের ফরিয়াদ পত্রিকায় ‘ধলাইতে ডেঙ্গু আক্রান্ত এক তথ্য গোপনের চেষ্টা’ শিরোনামে প্রকাশিত সংবাদটি জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, সংবাদটি সঠিক নয়।
গত ১ অক্টোবর ২০২৪ তারিখ থেকে ২১ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত আমবাসা এবং ধূমাছড়া এলাকাতে তিনজন রোগী ডেঙ্গু রোগে আক্রান্ত হয়েছে এবং তাদের প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হয়। প্রত্যেকটি স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে ডেঙ্গু প্রতিরোধকমূলক কাজ চলছে। উপর্যুক্ত ডেঙ্গু নির্ণয়ক ব্যবস্থা প্রত্যেক স্বাস্থ্যকেন্দ্রে রয়েছে। আমবাসা বাজারের সুরক্ষিত মেডিকেল হলের মালিক কোনও প্রাইভেট ল্যাবরেটোরিতে গিয়ে ডেঙ্গু শনাক্তকরণ করেন এবং ব্যক্তিগতভাবে হাঁপানিয়া হাসপাতালে ভর্তি হন। বর্তমানে তার শারীরিক অবস্থা নিয়ন্ত্রণে রয়েছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে ধলাই জেলায় কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়েছে এবং প্রতিরোধমূলক পদক্ষেপ জোরদার করা হয়েছে। মশা নিয়ন্ত্রণের জন্য কর্মসূচিগুলো ধলাই জেলাতেও আরও শক্তিশালী করা হয়েছে। ডেঙ্গুজনিত যে কোনো পরিস্থিতির মোকাবিলার জন্য ধলাই জেলায় সম্পূর্ণ প্রস্তুতি নেওয়া হয়েছে এবং প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ডেঙ্গু সনাক্তকরণের জন্য ধলাই জেলায় র্যাপিড টেস্ট কিট পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে। উপসর্গযুক্ত রোগীদের নিয়মিত স্ক্রিনিং করা হচ্ছে। ডেঙ্গু রোগীর এলাইজা টেস্টের দরকার পড়লে তখন জিবিপি হাসপাতালে রক্ত সংগ্রহ করে পাঠানো হয়। ধলাই জেলায় ডেঙ্গুজনিত পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।
